কুষ্টিয়া পল্লী বিদ্যুৎ সমিতি

শেখ হাসিনার উদ্যোগ

মুজিব বর্ষ

কুষ্টিয়া পল্লী বিদ্যুৎ সমিতি
বারখাদা, কুষ্টিয়া।
ISO 9001:2015 CERTIFIED

ই-মেইল-kuspbs@gmail.com
ওয়েব সাইট-pbs.kushtia.gov.bd

স্মারক নং-২৭.১২.৫০৭৯.৫১৯.০২.০০৮.২২.৩৬৭৫

তারিখঃ- ১৪ আষাঢ় ১৪২৯ বঙ্গাব্দ।
২৮ জুন ২০২২ খ্রিষ্টাব্দ।

আন্তঃ পবিস পুনঃ নিয়োগ বিজ্ঞপ্তি

কুষ্টিয়া পল্লী বিদ্যুৎ সমিতি এর নিম্ন বর্ণিত শূণ্য পদ পুরনের লক্ষ্যে বিভিন্ন পল্লী বিদ্যুৎ সমিতিতে সহকারী ষ্টোর কিপার পদে কর্মরত যে সকল কর্মচারী পবিস নির্দেশিকা ৩০০-১৪, ৩০০-২৪ ও ৩০০-৫১ এবং কুষ্টিয়া পল্লী বিদ্যুৎ সমিতি কর্মচারী চাকুরী বিধি ১৯৯২ (সংশোধিতঃ ২০১২ ইং) এর আলোকে পদোন্নতির যোগ্যতা অর্জন করেছেন তাদের নিকট হতে নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে স্ব-হস্তে লিখিত দরখাস্ত আহবান করা যাচ্ছেঃ

ক্রঃ নং	পদের নাম/ সংখ্যা	প্রার্থীর যোগ্যতা ও অভিজ্ঞতা	বেতন ও অন্যান্য ভাতাদি	জেলা কোটা
০১	ষ্টোর কিপার ০১টি	(ক) সহকারী ষ্টোর কিপার পদে পল্লী বিদ্যুৎ সমিতিতে নূন্যতম ০৭ (সাত) বছরের কাজের অভিজ্ঞতা থাকতে হবে। (খ) পবিস নির্দেশিকা ৩০০-৫১ অনুযায়ী প্রয়োজনীয় প্রশিক্ষণে উত্তীর্ণ হতে হবে। (গ) পবিস নির্দেশিকা ৩০০-২৪ অনুযায়ী প্রয়োজনীয় যোগ্যতা থাকতে হবে। (ঘ) বৈদ্যুতিক মালামাল ও যন্ত্রপাতি সম্পর্কে ধারণা ও অভিজ্ঞতা থাকতে হবে। (ঙ) প্রার্থীকে কম্পিউটার পরিচালনায় দক্ষ হতে হবে। (চ) সর্বশেষ ০৩ (তিন) বছর বার্ষিক কর্মমূল্যায়ন গড় রেটিং ন্যূনতম ৩.৫০ থাকতে হবে। (ছ) পবিস নির্দেশিকা ৩০০-১৪, ৩০০-২৪ ও ৩০০-৫১ অনুযায়ী প্রযোজ্য সকল শর্ত সমূহ পূরণ হতে হবে। (জ) অধীনস্থ কর্মচারীদের নিয়ন্ত্রণ ও তত্ত্বাবধায়ন করার ক্ষমতা থাকতে হবে।	পবিস নির্দেশিকা ৩০০-১৩ ও ৩০০-১৭ অনুযায়ী বেতন ভাতাদি ও অন্যান্য সুবিধা প্রদান করা হবে।	পদোন্নতির ক্ষেত্রে জেলা কোটা প্রযোজ্য হবে না। তবে অত্র সমিতির ভৌগলিক এলাকা অর্থাৎ কুষ্টিয়া সদর, খোকসা, কুমারখালী, মিরপুর, ভেড়ামারা ও দৌলতপুর উপজেলার প্রার্থীদের আবেদন করার প্রয়োজন নেই।

আবেদন করার পদ্ধতিঃ

বর্ণিত পদে নিয়োগ লাভে আগ্রহী এবং সংশ্লিষ্ট নির্দেশিকার আলোকে যোগ্যতা সম্পন্ন প্রার্থীদেরকে খামের উপর পদের নাম উল্লেখ করে সাদা কাগজে স্ব-হস্তে বাংলায় (ক) নিজের নাম (খ) মাতার নাম (গ) পিতার নাম (ঘ) স্থায়ী ঠিকানা (চ) জন্ম তারিখ (ছ) বয়স (জ) জাতীয়তা (ঝ) শিক্ষাগত যোগ্যতা (ঞ) চাকুরীতে প্রথম যোগদানের তারিখ (ট) চাকুরীতে নিয়মিত করণের তারিখ উল্লেখ পূর্বক আবেদন করতে হবে। সম্প্রতি তোলা পাসপোর্ট সাইজের ০৩ (তিন) কপি সত্যায়িত রঙিন ছবি, সর্বশেষ ০৩ (তিন) বছরের বার্ষিক কর্মমূল্যায়নের সত্যায়িত ফটোকপি, সহকারী ষ্টোর কিপার পদে যোগদান ও নিয়মিতকরণ সংক্রান্ত পত্রের ফটোকপি, পবিস নির্দেশিকা ৩০০-৫১ অনুযায়ী সকল প্রশিক্ষণের উত্তীর্ণ ফলাফলের সত্যায়িত ফটোকপি (সকল ফটোকপি এজিএম এইচ আর/প্রশাসন কর্তৃক সত্যায়িত হতে হবে), সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্রের, জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত কপি, ইউনিয়ন পরিষদ/ পৌরসভার মেয়র/সিটি মেয়র কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদের কপি, সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার কর্তৃক বিগত ০৫ (পাঁচ) বছরের মধ্যে শাস্তি/গৃহীত প্রশাসনিক ব্যবস্থার বিবরণ এবং বর্তমানে কোন তদন্ত প্রক্রিয়াধীন/ফৌজদারী মামলা চলমান আছে কি-না তা উল্লেখ পূর্বক ছাড়পত্র প্রদানে অনাপত্তির সনদ ও পদোন্নতির সুপারিশ সম্বলিত আবেদনপত্র সহ আগামী ১৬ জুলাই'২০২২ খ্রিষ্টাব্দ তারিখ রোজ শনিবার সকাল ১০:০০ ঘটিকায় কুষ্টিয়া পল্লী বিদ্যুৎ সমিতি, বারখাদা, কুষ্টিয়া এ স্ব-শরীরে উপস্থিত হতে হবে।

শর্তাবলী:

০১। অত্র পবিসে কর্মরত কর্মকর্তা/কর্মচারী কিংবা সমিতি বোর্ড পরিচালক/মহিলা পরিচালকবৃন্দের স্বামী/স্ত্রী এবং তাদের রক্ত সম্পর্কীয় এমন কোন প্রার্থীর আবেদন করার প্রয়োজন নেই।

০২। প্রার্থী সহকারী ষ্টোর কিপার পদে যে ঠিকানায় নিয়োগপ্রাপ্ত হয়েছেন, ষ্টোর কিপার পদে পদোন্নতির ক্ষেত্রে উক্ত ঠিকানায় স্থায়ী ঠিকানা হিসেবে গণ্য হবে।

(২ এর পাতায়)

০৩। (ক) সর্বশেষ ০৩(তিন) বছরের মধ্যে কোনরূপ গুরুদন্ড প্রাপ্ত হয়েছেন (খ) সর্বশেষ ০১(এক) বছরের মধ্যে কোনরূপ লঘুদন্ড প্রাপ্ত হয়েছেন (গ) বিগত ০৫ (পাঁচ) বছরের মধ্যে একের অধিকবার গুরুদন্ড প্রাপ্ত হয়েছেন (ঘ) বিগত ০৪ (চার) বছরের মধ্যে একবার গুরুদন্ড এবং একবার লঘুদন্ড প্রাপ্ত হয়েছেন (ঙ) বিগত ০৩ (তিন) বছরের মধ্যে একের অধিক বার লঘুদন্ড প্রাপ্ত হয়েছেন (চ) পদোন্নতির জন্য ০৩ (তিন) বার মৌখিক নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণ করে অকৃতকার্য হওয়ার ফলে পদোন্নতি কমিটির সিদ্ধান্তানুযায়ী অযোগ্য বিবেচিত /ঘোষিত হয়েছেন (ছ) বর্তমানে বিভাগীয় তদন্ত অর্থাৎ চার্জশীটের আওতায় তদন্ত প্রক্রিয়াধীন আছে এবং (জ) ফৌজদারী মামলা চলমান আছে; তাদের আবেদন করার প্রয়োজন নেই।

০৪। নির্বাচিত প্রার্থীকে প্রাথমিকভাবে ০১ (এক) বৎসরের জন্য "চলতি দায়িত্ব" হিসেবে নিয়োগ দেয়া হবে। প্রার্থীকে "চলতি দায়িত্ব" থাকাকালীন কর্মমূল্যায়ন সন্তোষজনক বিবেচিত হলে এবং অন্যান্য প্রয়োজনীয় শর্তাবলী প্রতিপালন সাপেক্ষে চাকুরীতে নিয়মিত করা হবে। অন্যথায় চলতি দায়িত্বের মেয়াদ বৃদ্ধি অথবা নির্দেশিকা অনুযায়ী যা প্রযোজ্য সে সিদ্ধান্ত মেনে নিতে বাধ্য থাকতে হবে।

০৫। বর্ণিত পদে প্রার্থীকে নিয়োগ প্রদান করা হলে তিনি তা বাতিলের আবেদন / প্রত্যাখান করতে পারবেন না।

০৬। কোন প্রার্থী তথ্য গোপন করে যদি নিয়োগপ্রাপ্ত হন, তবে তাকে তদন্ত ব্যতিরেকে চাকুরীচ্যুত করা হবে এবং প্রয়োজনে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

০৭। নির্বাচনী সাক্ষাৎকারে অংশ গ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

০৮। ইতোপূর্বে কোন পল্লী বিদ্যুৎ সমিতি হতে অপসারিত/বরখাস্ত/স্বেচ্ছায় পদত্যাগকারী প্রার্থীদের উক্ত পদে আবেদন করার প্রয়োজন নাই।

০৯। "চলতি দায়িত্ব" থাকাকালীন সর্বশেষ বেতনের প্রত্যয়নপত্র মোতাবেক বেতন ও ভাতাদি প্রদান করা হবে।

১০। বর্ণিত পদে পদোন্নতির ক্ষেত্রে কুষ্টিয়া পল্লী বিদ্যুৎ সমিতি কর্মচারী চাকুরী বিধি ১৯৯২ (সংশোধিত ২০১২) এর ধারা ০৭, ১৪, ১৬ এবং পবিস নির্দেশিকা ৩০০-১৪, ৩০০-২৪, ৩০০-৫১ প্রতিপালন করা হবে।

১১। যে কোন আবেদনপত্র এবং এই নিয়োগ বিজ্ঞপ্তি বাতিল করার ক্ষমতা পবিস কর্তৃপক্ষ কর্তৃক সংরক্ষিত থাকবে।

১২। শর্তাবলীতে উল্লেখ নেই এমন যে কোন বিষয়ে জটিলতার সৃষ্টি হলে পবিস কর্তৃপক্ষের সিদ্ধান্তই চুড়ান্ত বলে বিবেচিত হবে।

28/06/22

(এস. এম. নাসির উদ্দীন)
জেনারেল ম্যানেজার (চঃদাঃ)

<u>অনুলিপি (সদয় অবগতি ও নোটিশ বোর্ডের মাধ্যমে বহুল প্রচারের অনুরোধসহ) জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয় :</u>

০১। নির্বাহী পরিচালক, বাপবিবো, ঢাকা।
০২। পরিচালক, পবিস মনিটরিং ও ব্যঃ পরিঃ (পঃঅঃ)/মানব সম্পদ পরিদপ্তর, বাপবিবো, ঢাকা।
০৩। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার, ...পবিস-১/২/৩/৪ (যোগ্যতা সম্পন্ন প্রার্থীদের অবহিতকরণের জন্য অনুরোধ করা হলো) ।
০৪। ডিজিএম (সদর দপ্তর-কারিগরী)/কুমারখালী/মিরপুর/ভেড়ামারা/দৌলতপুর/স্বস্তিপুর জোনাল অফিস, কুষ্টিয়া পবিস।
০৫। এজিএম (ওএন্ডএম), খোকসা/পোড়াদহ/প্রাগপুর সাব-জোনাল অফিস, কুষ্টিয়া পবিস।
০৬। এজিএম (এইচ.আর/অর্থ-হিসাব/অর্থ-রাজস্ব/ওএন্ডএম/প্রশাসন/ইএন্ডসি/এমএস /আইটি), কুষ্টিয়া পবিস।
০৭। নোটিশ বোর্ড।

28/06/22

(এস. এম. নাসির উদ্দীন)
জেনারেল ম্যানেজার (চঃদাঃ)